

কেহ বলে 'যশোবন্ত অতি নিষ্ঠা বর।
তাঁর পুণ্যে হ'ল কোন দেব অবতার'।।
তথ্য শুনি যশোবন্ত ভাবে মনে মনে।
'এত শক্তি হরিদাস পে'ল কোনখানে?
নিশ্চয় বুঝিনু আজি রামকান্ত বরে।
নবরূপে দেব-এল আমাদের ঘরে'।।
বিশ্বনাথ উপখ্যান শুন দিয়া মন।
শ্রবণে মরণ দূর তাপ নিবারণ।।



লক্ষ্মীমাতা শান্তিদেবীর জন্ম ও বিবাহ ও যশোবন্ত ঠাকুরের তিরোভাব

জিকাবাড়ী নিবাসী লোচন প্রামানিক।
একমাত্র কন্যা ভালবাসে প্রাণাধিক।।
বৈকুণ্ঠের লক্ষ্মী যিনি সত্যে বেদবতী।
অম্বরীষ কন্যা যিনি দ্বাপরে শ্রীমতী।।
বিষ্ণুপদ সেবারত ক্ষিরোদবাসিনী।
ত্রেতাযুগে সীতাসতী দ্বাপরে রুক্মিণী।।
বিষ্ণুপ্রিয়া নাম ধরে গৌরাদ্গ-গৃহিণী।
কলিতে হলেন তিনি লোচন নন্দিনী।।
যে কালে জন্মিল মাতা লোচনের ঘরে।
ভূমিষ্ঠা হ'লেন যবে সূতিকা আগারে।।
'কি লিখিব কি লিখিব' ভেবেছি বসিয়া।
শান্তিদেবী পদ ভাবি নয়ন মুদিয়া।।
অন্তর হইতে এক নারী বাহিরিল।
সেই নারী লক্ষ্মীমা'র ধাত্রী যেন ছিল।।
আমি যেন দেখিলাম ছায়াময়ী প্রায়।
ধ্যানে কি স্বপনে দেখি বোঝা নাহি যায়।।
দেখিলাম শান্তিমা'র শান্তিময়ী পদ।
রাঙ্গা চরণেতে ফুটিয়াছে কোকনদ।।
ধাত্রী দেখে কোকনদ উড়িয়া আসিল।
শান্তিমা'র শ্রীচরণে পড়ে লোটাইল।।

প্রসবিনী ফুলনাড়ী যবে প্রসবিল।
এক ফুল তথা হতে পদে লুকাইল।।
ইহা শুনিলাম যেন প্রলাপের প্রায়।
সজ্ঞানেতে লিখিলাম ধাত্রী যাহা কয়।।
ধাত্রী বলে প্রসূতিকে 'বলি মা তোমায়।
তোমার এ কন্যা মা সামান্য কভু নয়'।।
ধাত্রী কহিলেন লোচনের গৃহিণীরে।
লোচন-গৃহিণী কয় লোচনের তরে।।
শুনিয়া লোচন সব করিয়া প্রত্যয়।
এ মেয়ের যোগ্য বর পাইব কোথায়?
নির্জনে বসিয়া করে ঈশ্বরের ধ্যান।
এই কন্যা কাহাকে করিব সম্প্রদান?'
বহু চিন্তা মনে মনে করিতে লাগিল।।
এ দিকেতে লক্ষ্মীমাতা বলিষ্ঠ হইল।।
বাল্যকালে যখনেতে করিতেন খেলা।
বালিকাগণের সঙ্গে করিতেন মেলা।।
“আয়লো ভগিনী মোরা খেলিব সকলে।
সর্বমঙ্গলার পূজা করি সবে মিলে।।
সতীর বেদনা জানে সেই মাতা সতী।
পঞ্চতপা হইয়া পাইল পশুপতি।।
কল্যা-শাস্ত্র শুনিয়াছি বাবার গোচরে।
জগন্মাতা জন্ম নিয়াছিল গিরিপুরে।।
বাল্যকালে করিলেন তপস্যা আরম্ভ।
করিলেন সদা শিবপূজা অবলম্ব।।
তপস্যার ফলে পতি পায় কীর্তিবাস।
সতীমা'র পূর্ণ হ'ল মন অভিলাষ।।
একদিন আমার পিতার গুরঃ এল।
গোঁসাই বসিয়া কত শাস্ত্র শুনাইল।।
শুনিলাম কাত্যায়ণী পূজে রজাঙ্গনা।
'যাদব-মাধব পেয়ে পুরা'ল বাসনা।।
দময়ন্তী সতী শক্তি-আরাধনা ফলে।
হংসমুখে বার্তা শুনি পতি পেল নলে।।
ভদ্রাবতী সতীনারী রাহুক-নন্দিনী।